প্রথম আলো

তারিখ 8 AUG 2017
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে ২৫৩টি আসন বাড়ছে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে চলতি শিক্ষাবর্ষে ২৫৩টি আসন বাড়ানো হবে বলে জানিয়েছেন উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক। গতকাল সোমবার ২০১৭-১৮ শিক্ষাবর্ষে অনলাইনে ভর্তির আবেদন কার্যক্রম উদ্বোধনের সময় তিনি এ কথা জানান।

ভর্তির আবেদন করা যাবে ২৯ আগস্ট রাত ১০টা পর্যন্ত। ব্যাংকে টাকা জমা দেওয়ার শেষ তারিখ ৩০ আগস্ট। বিস্তারিত তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http ://admission.cis.du.ac.bd/) পাওয়া যাবে। ভর্তি পরীক্ষার ফি আগের মতোই ৩৫০ টাকা।

অনুষ্ঠানে জানানো হয়, গত বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসন ছিল ৬ হাজার ৮০০। এ বছর আসন বেড়ে ৭ হাজার ৫৩টি ধরা হয়েছে। এর মধ্যে বিজ্ঞান অনুষদের অধীন ক-ইউনিটে ১ হাজার ৭৬৫, কলা অনুষদের অধীন খ-ইউনিটে ২ হাজার ৩৬৩, ব্যবসায় শিক্ষা অনুষদের অধীন গ-ইউনিটে ১ হাজার ২৫০, সামাজিক বিজ্ঞান অনুষদের অধীন ঘ-ইউনিটে ১ হাজার ৫৪০টি এবং চারুকলা অনুষদের অধীন চ-ইউনিটে ১৩৫টি আসন রয়েছে।

এ বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কারিগরি সহায়তায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের স্নাতক প্রথম বর্ষে অনলাইনের মাধ্যমে ভর্তির আবেদন গ্রহণের প্রক্রিয়া পরিচালিত হবে।

প্রাপ্তি নং
তারিখ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর